গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৪০.১৮-৩৩৯ তারিখ: ১৮.১০.২০১৮খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১১০৩/২০১৮ মামলায় ২৮.০১.২০১৮ খ্রি. তারিখের রুলিং অনুযায়ী যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালামকে অধ্যক্ষ পদের দায়িত্বভার অর্পণ প্রসঙ্গে।

সূত্র: (১) বর্ণিত মাদ্রাসার সভাপতি কর্তৃক সাময়িক বরখাস্তকরণ আদেশ, তারিখ: ৩১.১০.২০১৫ খ্রি:।
(২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪/৩৯৯/৭ তারিখ:২০.০৬.২০১৬ খ্রি.।
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০৬.০০৪.১৭-০৮, তারিখ: ২৫.০৪.২০১৮ খ্রি:।
(৪) রিট পিটিশন মামলা নং-১১০৩/২০১৮ মামলার রুলিং তারিখ: ২৮.০১.২০১৮ খ্রি:।
(৫) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০৬.০৪.১৭-১১, তারিখ: ১৮.০৭.২০১৮ খ্রি:।
(৬) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালাম এর জবাব তারিখ: ৩১.০৭.২০১৮ খ্রি:।
(৭) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৪০.১-২৮৯, তারিখ: ০৪.০৯.২০১৮ খ্রি:।
(৮) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালামের আবেদন, তারিখ: ১৭.০৯.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালামকে সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে বিগত ৩১.১০.২০১৫ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে জানা যায়।

০২. বর্ণিত মাদ্রাসার সভাপতি কর্তৃক একটি অভিযোগ আবেদন এ অধিদপ্তরে উপস্থাপন করা হয়। অভিযোগ আবেদনে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালামের নিয়োগ প্রক্রিয়া বিধি সম্মত ভাবে হয়নি বিধায় তাঁকে (জনাব মোঃ আব্দুস সালাম) সাময়িক বরখাস্ত করা হয় মর্মে জানা যায়।

০৩. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালামের নিয়োগ বিধি সম্মতভাবে সম্পন্ন হয়েছিল কিনা তা যাচাই করে দেখার জন্য সূত্রে বর্ণিত ০৫ নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিয়োগ সংক্রান্ত কাগজ পত্র চাওয়া হলে সূত্রে বর্ণিত ০৬ নং স্মারকের মাধ্যমে অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালাম চাহিত কাগজ পত্রগুলি এ অধিদপ্তরে প্রেরণ করেন।

০৪. তাঁর (জনাব মোঃ আব্দুস সালাম) কর্তৃক উপস্থাপিত নিয়োগ সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ আব্দুস সালামের অধ্যক্ষ হিসেবে নিয়োগ বিধি সম্মত। তাছাড়া শিক্ষা মন্ত্রণালয় কর্তক ০৪.০২.২০১০ খ্রি: তারিখে জারীকৃত (যা ২৪.০৩.২০১৩ খ্রি: পর্যন্ত সংশোধিত) জনবল কাঠামো এর ২৬(ক) অনুচ্ছেদে নিম্নরুপ নির্দেশনা দেয়া হয়েছে:

"এ নির্দেশিকা জারী হওয়ার পূর্বে এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীর বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান অব্যাহত থাকবে"।

০৫. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক জনাব মো: আব্দুস সালামকে অধ্যক্ষ পদে পুনর্বহালকরণের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশনা দেয়া হলে ও আজোবধি তা বাস্তবায়ন হয়নি।

০৬. বর্ণিত মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালাম সাময়িক বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করেন যার নং-১১০৩/২০১৮। উক্ত রিট পিটিশন মামলায় মহামান্য হাইকোর্ট ২৮.০১.২০১৮ খ্রি. তারিখে নিম্নরুপ আদেশ প্রদান করেন:

''Accordingly, we direct the respondent no. 3 to dispose of the representation of the petitioner dated 29.10.2017 (Annexure-`F' to the writ petition) within 60 (sixty) days from the date of receipt of a copy of this order.''

০৭. বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালামের সাময়িক বরখাস্তকরণের বিষয়টি পরযালোচনা করে দেখা যায় যে, উক্ত সাময়িক বরখাস্তের বিষয়টি বিধি সম্মতভাবে হয়নি।

০৮. যেহেতু জনাব মো: আব্দুস সালামের সাময়িক বরখাস্তকরণের বিষয়টি বিধি সম্মতভাবে হয়নি এবং যেহেতু বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক বর্ণিত অধ্যক্ষকে তাঁর স্বীয় পদে যোগদানক্রমে দায়িত্ব পালন করার নির্দেশনা দেয়া হয়েছে সেহেতু উক্ত রিট পিটিশন মামলার রুলিং অনুযায়ী বর্ণিত অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালামকে অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করার সুযোগ দেয়া আইন সম্মত বলে প্রতীয়মান হয়।

০৯. এমতাবস্থায় উপরিউক্ত বর্ণনার আলোকে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১১০৩/২০১৮ মামলায় ২৮.০১.২০১৮ খ্রি. তারিখের রুলিং অনুযায়ী যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালামকে অধ্যক্ষ পদের দায়িত্বভার অর্পণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

NO 18.10.18
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা
ডাক: রাজগঞ্জ, উপজেলা: মনিরামপুর, জেলা: যশোর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
০১.বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়, এ্যাটর্নী জেনারেল ভবন, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, রমনা, ঢাকা।
০২.বিজ্ঞ প্যানেল আইনজীবি, জনাব শেখ শফিক মাহমুদ পুষ্প, আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, চেম্বার নং-বি-০১, (৭ম তলা) ২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, পানির ট্যাংকির বীপরিত পার্শ্ব, বিজয়নগর, ঢাকা-১০০০।
০৩.অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড , ঢাকা
০৪.সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা ।
০৫. ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিঃ, মনিরামপুর শাখা, যশোর। (নির্দেশনা অনুসরণ করার অনুরোধ সহ)
০৬. জেলা শিক্ষা অফিসার, যশোর।
০৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর।
০৮.সভাপতি, রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা, ডাক: রাজগঞ্জ, উপজেলা: মনিরামপুর, জেলা: যশোর।
০৯.জনাব মোঃ আব্দুস সালাম রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা।
১০. অফিস কপি।